# Times Today BD

ডেস্ক রিপোর্ট | শিক্ষা | 23 June, 2025

১৮তম শিক্ষক নিবন্ধনের মৌখিক পরীক্ষায় অংশ নেওয়া সব প্রার্থীকে সনদ দেওয়ার দাবিতে ফের জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করছেন ভাইভা রেজাল্ট বঞ্চিতরা। সোমবার (২৩ জুন) সকাল থেকেই রাজধানীর গুরুত্বপূর্ণ এই স্থানে বিক্ষোভ করছেন তারা।

এর আগে গতকাল রোববার (২২ জুন) একই দাবিতে আন্দোলনরতদের ওপর জলকামান, সাউন্ড গ্রেনেড ও লাঠিচার্জ চালায় পুলিশ।এতে অন্তত চারজন আহত হন এবং আটজনকে আটক করা হয়, যাদের পরে সন্ধ্যায় ছেড়ে দেওয়া হয়।

অবস্থান কর্মসূচিতে অংশ নেওয়া মো. মহিউদ্দিন আহমেদ বলেন, “গতকাল পুলিশ জানিয়েছিল, আমাদের শিক্ষা উপদেষ্টার সঙ্গে কথা বলানো হবে।কিন্তু তারা কথা রাখেনি। আজও একই কথা বলা হলেও এখনও কেউ আমাদের সঙ্গে যোগাযোগ করেননি।”

তিনি আরও বলেন, “আমাদের দাবি খুব স্পষ্ট– যেহেতু আমরা ভাইভায় অংশ নিয়েছি, তাহলে সবাইকে সনদ দিতে হবে।দাবি পূরণ না হওয়া পর্যন্ত আমরা এখানেই অবস্থান চালিয়ে যাব।”

উল্লেখ্য, ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফলে অনেকে ভাইভা দিলেও সনদ পাননি, যাকে ‘বঞ্চিত’ বলে উল্লেখ করছেন আন্দোলনকারীরা।

১৮তম শিক্ষক নিবন্ধন অবস্থান কর্মসূচি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:10

URL: https://timestodaybd.com/education/4633003581